

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯৫

তারিখ: ১৯ মাঘ ১৪২৬

০২ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে রেল ও সড়ক পথে মোট ৬৩৪০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধচালের চলাচলসূচি।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ২৯/০১/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২৫২.৫০.০৯৮.১৮-৩১৬ নং স্মারক।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ৩০/০১/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৫.৪০.০০১.১৯.৫৭৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, রাজশাহী ও সিলেট বিভাগের বিভিন্ন এলএসডিতে আমন'১৯-২০ সংগ্রহ কার্যক্রমে ধান, চাল সংগ্রহের জন্য খালিস্থান সৃষ্টি লক্ষ্যে আমন/১৯-২০ এর আওতায় সংগৃহীত সিদ্ধ চাল বিভাগের বাহিরে সরানোর জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে যেসকল খাদ্য গুদামে মজুতের অতিরিক্ত ধান ও চাল সংগ্রহ করা হয়েছে উক্ত এলএসডিসমূহে ধান ও চাল সংগ্রহের স্বার্থে খালি জায়গা বিবেচনায় ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কতিপয় সিএসডিতে মজুত গড়ে তোলার লক্ষ্যে রেল ও সড়ক পথে মোট ৬৩৪০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচলসূচির নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

রেল পথে আমন'১৯-২০ সিদ্ধচালের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | মাধ্যম | ঠিকাদারি প্রতিষ্ঠান |
|---------|-------------|----------------|-------------|--------------------|----------------|--------------------|--------|-------------------------|
| ১. | নওগাঁ | নওগাঁ এলএসডি | খুলনা | মহেশ্বরপাশা সিএসডি | ১৩৫০ | আমন'১৯-২০ সিদ্ধচাল | রেল | মেসার্স সিলভী ট্রেডার্স |
| | | | | মোট= | ১৩৫০ | | | |

রাজশাহী ও সিলেট বিভাগ হতে সড়ক পথে আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---------|-------------|--------------------|-------------|----------------------|----------------|---------------------|------|-------------------------------------|
| ১. | বগুড়া | দুপচাঁচিয়া এলএসডি | ঢাকা | তেজগাঁও সিএসডি | ৫০০ | আমন'১৯-২০ সিদ্ধ চাল | সড়ক | চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন। |
| ২. | নওগাঁ | নওগাঁ | এ | এ | ৫০০ | এ | এ | |
| ৩. | এ | রানীনগর | এ | এ | ১০০ | এ | এ | |
| ৪. | এ | মহাদেবপুর | এ | এ | ৯০০ | এ | এ | |
| ৫. | এ | ধামুরইরহাট | এ | এ | ২৫০ | এ | এ | |
| ৬. | এ | নিয়ামতপুর | এ | এ | ২৫০ | এ | এ | |
| ৭. | সিলেট | সিলেট | এ | চট্টগ্রাম দেওয়ানহাট | ১২৫ | এ | এ | চসনি, চট্টগ্রাম উপ-সূচি জারি করবেন। |
| ৮. | এ | খাদিয়নগর | এ | এ | ৮০ | এ | এ | |
| ৯. | এ | শেওলা | এ | এ | ৬০ | এ | এ | |
| ১০. | এ | গোলাপগঞ্জ | এ | এ | ১০০ | এ | এ | |
| ১১. | এ | কানাইঘাট | এ | এ | ১২৫ | এ | এ | |
| ১২. | এ | কালিগঞ্জ | এ | এ | ১২৫ | এ | এ | |
| ১৩. | এ | গোয়াইনঘাট | এ | এ | ১২৫ | এ | এ | |

| | | | | | | | | | |
|-----|------------|-----------|---|---|---------|-----------|------|---|---|
| ১৪. | মৌলভীবাজার | শ্রীমঙ্গল | " | এ | এ | " | ২৫০ | এ | এ |
| ১৫. | এ | কুলাউড়া | " | এ | এ | " | ২০০ | এ | এ |
| ১৬. | এ | রাজনগর | " | এ | এ | " | ১২৫ | এ | এ |
| ১৭. | এ | ভানুগাছ | " | এ | হালিশহর | " | ১০০ | এ | এ |
| ১৮. | এ | শমসেরনগর | " | এ | এ | " | ২০০ | এ | এ |
| ১৯. | হবিগঞ্জ | হবিগঞ্জ | " | এ | এ | " | ১২৫ | এ | এ |
| ২০. | এ | চুনারুঘাট | " | এ | এ | " | ১২৫ | এ | এ |
| ২১. | এ | বাহুবল | " | এ | এ | " | ২৫০ | এ | এ |
| ২২. | এ | নবীগঞ্জ | " | এ | এ | " | ১২৫ | এ | এ |
| ২৩. | এ | বানিয়াচং | " | এ | এ | " | ১২৫ | এ | এ |
| ২৪. | সুনামগঞ্জ | মল্লিকপুর | " | এ | এ | " | ১২৫ | এ | এ |
| | | | | | | মোট = | ৪৯৯০ | | |
| | | | | | | সর্বমোট = | ৬৩৪০ | | |

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়ঃ-

১। সংগৃহীত চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পিঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে। ২। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে;

৩। প্রতি ওয়াগন/ট্রাক এ প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য কোনরূপ পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার এ বিষয়ে দায়ী থাকবে এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) চাল পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৫। সূচির আওতায় কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। এলএসডি/সিএসডি'র ওয়ারেন্টি মোতাবেক চাল প্রেরণ করতে হবে;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে আখানি, জেখানি, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে চালের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ১৯/০২/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যাবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



২-২-২০২০

মোঃ আলাউদ্দিন ঢালী
সহকারি উপ-পরিচালক

প্রাপক :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯৫/১(১২)

তারিখ: ১৯ মাঘ ১৪২৬
০২ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ।
- ১১) ব্যবস্থাপক, সিএসডি।
- ১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



২-২-২০২০

মোঃ আলাউদ্দিন ঢালী
সহকারি উপ-পরিচালক